



বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
সাধারণ প্রশাসন শাখা



বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	০৪.০৫.২০২১
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ

০৪.০৫.২০২১ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) সভা অনলাইন জুম মিটিং (Meeting ID 5543790282) এ কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

## ১.০আলোচনা

১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২১)-এর লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, ৪র্থ কোয়ার্টারের কতিপয় লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে এবং কতিপয় কার্যক্রম বাস্তবায়নধীন রয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, ৪র্থ কোয়ার্টারের যেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়নি সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যেই বাস্তবায়ন করতে হবে।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন ও ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে নৈতিকতা কমিটির সদস্য ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন কমিটির আহ্বায়ক জনাব মোঃ জাকির হোসেন তরফদার, উপ-মহাব্যবস্থাপক (তিতাস ফিল্ড-দক্ষিণ)-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণের কাজ প্রায় শেষ পর্যায়ে আছে, হালনাগাদকরণের কার্য সম্পন্ন হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যেই সিটিজেনস্ চার্টার ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১.৩ সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যেই শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। তিনি আরো নির্দেশনা প্রদান করেন যে, শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য যেসকল প্রক্রিয়া অনুসরণ করা প্রয়োজন, পূর্ব হতেই সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## ২.০সিদ্ধান্ত:

২.১। ৪র্থ কোয়ার্টারের যেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়নি সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যেই বাস্তবায়ন করতে হবে।

২.২। ৩০ জুন, ২০২১ এর মধ্যেই সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

২.৩। ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও  
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২১.৩৪৫

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৮

০৮ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (পরিচালনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেন্টোবাংলা, ঢাকা।
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)